# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৩১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন ইমাম সালাম ফেরাবেন, তখন পুরুষ মুসল্লীদের জন্য আবশ্যক হলো অপেক্ষা করা, যাতে নারী মুসল্লীরা বের হয়ে যেতে পারেন, তারপর তারা তাদের প্রয়োজনে বের হবেন

## ذِكْرُ مَا يَجِبُ عَلَى الرِّجَالِ إِذَا سَلَّمَ إِمَامُهُمُ التَّرَبُّصُ لِانْصِرَافِ النِّسَاءِ ثُمَّ يَقُومُونَ لِحَوَائِجِهِمْ

আরবী

2231 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قال: حدثنا عثمان بن عمرو قَالَ: أَخْبَرَنَا يُونُسُ بْنُ يَزِيدَ عَنِ الزُّهْرِيِّ عَنْ هِنْدَ بِنْتِ الْحَارِثِ عَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ: (كُنَّ النِّسَاءُ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَلَّمَ مِنَ الْمَكْتُوبَةِ قُمْنَ وَثَبَتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَنْ صَلَّى خَلْفَهُ مِنَ الرِّجَالِ فَإِذَا قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قام الرجال)

الراوي : أُمّ سَلَمَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2231 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (955)

বাংলা

২২৩১. নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের স্ত্রী উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জামানায় যখন তিনি ফরয সালাত থেকে সালাম ফেরাতেন, তখন নারীরা উঠে যেতেন আর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাথে পুরুষ সাহাবীগণ বসে থাকতেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন উঠতেন, তখন তারাও উঠতেন।”[1]

ফুটনোট

[1] নাসাঈ: ৩/৬৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩২২৭; মুসনাদ আহমাদ: ৬/৩১০; আবূ দাঊদ: ১০৪০; সুনান বাইহাকী: ২/১৮৩; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৯২; আত তায়ালিসী: ১৬০৪; সহীহ আল বুখারী: ৮৩৭; ইবনু

মাজাহ: ৯৩২; সহীহ ইবনু খুযাইমাহ: ১৭১৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৯৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91549

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন